

2 0 1 7

BENGALI

( Major )

Paper : 6.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) স্থায়ীভাব 'জুগুন্স' কোন্ রসে পরিণত হয় ?
- (খ) লৌকিক জগতে যা রতি প্রভৃতি ভাবের উদ্বোধক তাকে কী বলে ?
- (গ) “সমাসোক্তি ও সংকরালংকারে যে ব্যঞ্জনা থাকে, সেই ব্যঞ্জনাও হচ্ছে কাব্যের আত্মা ধ্বনি।” মন্তব্যটি শুদ্ধ, না অশুদ্ধ ?
- (ঘ) ৩২০০ খ্রীস্টপূর্বাব্দে রচিত যে মিশরীয় গল্পের সন্ধান পাওয়া গেছে, বাংলা অনুবাদে তার শিরোনাম কী ছিল ?
- (ঙ) গল্প আখ্যানের ধারা প্রচলিত থাকলেও যুরোপে যথার্থ ছোটগল্পের সূচনা কোন্ শতাব্দীতে হয়েছিল ?
- (চ) জার্মানি ও ফরাসিতে উপন্যাসকে কী বলা হত ?
- (ছ) ভার্জিল রচিত মহাকাব্যখানির নাম কী ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪

(ক) “পঞ্চশরে দক্ষ ক’রে করেছ এ কী সন্ন্যাসী।”  
কোন কবির, কোন কবিতা থেকে নেওয়া হয়েছে?

(খ) সংস্কৃত অলংকারশাস্ত্রের যে কোনো দুজন  
আলংকারিকের নাম লেখো।

(গ) সংস্কৃত ‘কীরাতাজুনীয়ম্’-এর রচয়িতা কে? তিনি এই  
কাহিনী কোন গ্রন্থ থেকে গ্রহণ করেছিলেন?

(ঘ) বোকাচিও কোন দেশের সাহিত্যিক ছিলেন? তিনি  
Decameron শিরোনামে কী লিখেছিলেন?

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=

(ক) বিভাব কতপ্রকার ও কী কী? উদাহরণসহ এগুলোর  
সংজ্ঞা নির্দেশ করো।

(খ) উদাহরণসহ বাচ্যার্থ এবং লক্ষণার্থের মধ্যে পার্থক্য নির্দেশ  
করো।

(গ) Fiction এবং Novel-এর মধ্যে যে সাদৃশ্য ও  
বৈসাদৃশ্য বর্তমান সে সম্পর্কে আলোচনা করো।

(ঘ) ব্যালাড বলতে কী বোঝ, লেখো।

(ঙ) পাশ্চাত্য মতানুসারে মহাকাব্যের স্বরূপ আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্ততঃ একটি করে প্রশ্ন নিয়ে  
সর্বমোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) রসকে অলৌকিক বলা হয়েছে কেন? এ প্রসঙ্গে তোমার  
মতামত যুক্তিসহ উপস্থাপিত করো।

(খ) “শ্রেষ্ঠ কাব্য নিজের বাচ্যার্থে পরিসমাপ্ত না হয়ে  
বিষয়ান্তরের ব্যঞ্জনা করে।” মন্তব্যটির তাৎপর্য  
উদাহরণসহ বিশদ করো।

(গ) গুণীভূত ব্যঙ্গ্য এবং ধ্বনির সংজ্ঞা নির্দেশ করে উভয়ের  
মধ্যে পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

খ—গুচ্ছ

(ঘ) উপন্যাস বলতে কী বোঝ? উপন্যাসের সংজ্ঞা নির্দেশ  
করে ছোটগল্পের সঙ্গে এর পার্থক্য আলোচনা করো।

(ঙ) গীতিকবিতা কী, আলোচনা করে ব্যালাডের সঙ্গে এর  
পার্থক্য দেখাও।

(চ) ছোটগল্প কাকে বলে? ছোটগল্পের স্বরূপ সম্পর্কে  
আলোচনা করে এর রচনার ইতিহাস সংক্ষেপে বিবৃত  
করো।

\*\*\*